# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

নং- ৪৯.০২.০০০০০.০০৬.০১.০৭৭.২৬.০১ তারিখ : ০১.০১.২০২৬

## দক্ষিণ কোরিয়ায় কৃষি খাতে পুরুষ ও নারী মৌসুমী কর্মী নিয়োগ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং দক্ষিণ কোরিয়াস্থ দাংজিন সিটি কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত সমঝোতা চুক্তি অনুযায়ী দক্ষিণ কোরিয়ায় দাংজিন সিটিতে কৃষি খাতে পুরুষ ও মহিলা মৌসুমি নিয়োগ দেয়া হবে। সম্পাদিত সমঝোতা চুক্তি অনুযায়ী কেবল কুমিল্লা ও কিশোরগঞ্জ জেলার অধিবাসী কৃষি কাজে নিয়োজিত জেলা কৃষি অধিদপ্তরের তালিকাভুক্ত প্রকৃত কৃষিজীবীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ০৫/০১/২০২৬ তারিখ দুপুর ২ টার মধ্যে নির্ধারিত পোর্টাল https://brms.boesl.gov.bd-এ অনলাইন নিবন্ধন সম্পন্ন করতে হবে। প্রাথমিক নিবন্ধনকালীন সময়ে ১ম ধাপে প্রার্থীর Personal Information ফর্মে উল্লিখিত তথ্য পূরণ পূর্বক পাসপোর্টে সাইজের ছবি আপলোড করতে হবে, ২য় ধাপে Passport Details-এ উল্লিখিত তথ্য পূরণ করে পাসপোর্ট কপি আপলোড করতে হবে, ৩য় ধাপে Work Experience-এ উল্লিখিত তথ্য পূরণ করে প্রার্থীর জীবন বৃত্তান্ত, ১ বছরের অধিক সময় কৃষি খাতে কাজের কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে অফিসিয়াল সনদের PDF ফাইল সর্বোচ্চ ১ এমবি সাইজ আপলোড করতে হবে এবং ৪র্থ ধাপে প্রার্থীর Family Details পূরণ পূর্বক প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করতে হবে।

প্রাথমিক নিবন্ধন সম্পন্ন শেষে কৃষি খাতে পুরুষ ও নারী মৌসুমী কর্মীতে চাকরির জন্য নির্ধারিত আবেদন ফি ১০০/- (একশ) টাকা ও মোবাইল ব্যাংকিং চার্জ (অফেরতযোগ্য) পরিশোধ করে চূড়ান্ত নিবন্ধন করতে হবে (নিবন্ধন গাইডলাইন সংযুক্ত):

| সংখ্যা | | চাকুরির মেয়াদ | বেতন (ওন) | মন্তব্য |
|---|---|---|---|---|
| পুরুষ | নারী | | | |
| ২১ | ৩৫ | ন্যূনতম ৩ মাস সর্বোচ্চ ৮ মাস | ১০,০৩০ প্রতি ঘণ্টায় | ভিসার ধরণ-E-8 |

**চাকরির শর্তাবলী**

১। পাসপোর্টের মেয়াদ ন্যূনতম ১ বছর মেয়াদ থাকতে হবে;
২। বয়স ২৫-৪৫ বছর হতে হবে;
৩। কৃষি খাতে ১ বছরের অধিক বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
৪। কুমিল্লা ও কিশোরগঞ্জ জেলার আওতাধীন জেলা/উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে ১ বছরের অধিক সময় কাজের অভিজ্ঞতার অফিসিয়াল সনদ থাকতে হবে (কপি সংযুক্ত);
৫। কুমিল্লা ও কিশোরগঞ্জ জেলার আওতাধীন ইপিএস কর্মসূচির আওতায় রোস্টার হতে ডিলিটকৃত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে উক্ত প্রার্থীদের ক্ষেত্রে কুমিল্লা, কিশোরগঞ্জ জেলা/উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
৬। নিয়োগকর্তার চাহিদা মোতাবেক সকল কাজ করতে হবে এবং কর্মকাল সম্পন্ন করে নির্ধারিত সময় দেশে ফেরত আসতে হবে;
৭। প্রত্যাগত মৌসুমী কর্মীদের নিয়োগকর্তার চাহিদামতে পরবর্তী নিয়োগ প্রক্রিয়ায় অগ্রাধিকার পাবে;
৮। কালার ব্লাইন্ডনেস বা রঙ বোঝার সক্ষমতার সমস্যা মুক্ত হতে হবে;
৯। মাদকাসক্ত/সিফিলিস শনাক্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
১০। ফৌজদারি অপরাধে জেল বা অন্য কোনো শাস্তি প্রাপ্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
১১। দক্ষিণ কোরিয়ায় অবৈধভাবে অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
১২। দেশ ত্যাগে নিষেধাজ্ঞা আছে এমন ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
১৩। ই-৯ বা ই-১০ ভিসায় কোরিয়াতে ৫ বছরের বেশি অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
১৪। দক্ষিণ কোরিয়ায় যাওয়া-আসার বিমান ভাড়াসহ নির্ধারিত ব্যয় কর্মীর নিজেকে বহন করতে হবে এবং
১৫। অন্যান্য সুযোগ সুবিধা কোরিয়ার শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য।

**বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য ব্যয়**

নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত সার্ভিস চার্জ, প্রশিক্ষণ ফি বহির্গমন ট্যাক্স, সার্ভিস চার্জের উপর ১৫% ভ্যাট, ভিসা ফি, কল্যাণ ফি, বীমাসহ সমুদয় ব্যয় ৬০,৭০০ টাকা এবং চাহিদা সংগ্রহের প্রসেসিং ফি বাবদ নির্ধারিত অর্থ পরিশোধ করতে হবে। তাছাড়া প্রার্থীকে দক্ষিণ কোরিয়ায় কর্মকাল সম্পন্ন করে দেশে ফেরত আসবে মর্মে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে প্রার্থীর দুই জন অভিভাবক ৫ (পাঁচ) লক্ষ টাকা হারে চেকের বিবরণসহ প্রত্যয়ন করে বোয়েসেল-এ প্রদান করতে হবে। চূড়ান্ত নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হলে নিয়োগকর্তা কর্তৃক CCVI ইস্যু ও ভিসা সংক্রান্ত কার্যাদির যাবতীয় প্রমাণাদি ও নির্ধারিত সার্ভিস চার্জ ও অন্যান্য ব্যয়ের পে-অর্ডার বোয়েসেলে দাখিল করতে হবে।

**বি. দ্র.: অনলাইনে আবেদন চাকরির সাক্ষাৎকার ও চূড়ান্ত নির্বাচনের নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে বর্ণিত শর্তাবলী পূরণ করে চূড়ান্তভাবে নির্বাচিত হতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত না হওয়া পর্যন্ত বোয়েসেলকে কোনো সার্ভিস চার্জ/ফি প্রদান করতে হয় না। নির্ধারিত চার্জ/ফি ব্যাংক কর্তৃক পে-অর্ডারের মাধ্যমে প্রদান করতে হবে।**

০১.০১.২০২৬

বোয়েসেল কর্তৃপক্ষ।

নূর আহমেদ
মহাব্যবস্থাপক
(প্রশাসন, মানবসম্পদ ও অর্থ)
বোয়েসেল, ঢাকা

অফিস ঠিকানা :
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015

যোগাযোগ নম্বর :
ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

Government of the People's Republic of Bangladesh
Office of the Agriculture Officer
Department of Agricultural Extension
Muksudpur, Gopalganj
Web:dae.muksudpur.gopalganj.gov.bd

S.L: 12.18.3558.041.14.055.24/740 Date: 02/10/2024

## **Experience Certificate**

This is to certify that [redacted], Son of [redacted] & [redacted], Village: Pathrail, Post Office: Muksudpur-8140, Upazila: Muksudpur, District: Gopalganj and his passport number is [redacted]. He has a 2 acres land. He cultivates various kinds of cereal crops, vegetables and fruits commercially and mechanically. He has been working efficiently for 5 years on agriculture. So far I know he possesses a good character and performs his duty well.

I wish him glorious success.

[redacted]
Upazila Agriculture Officer
Muksudpur, Gopalganj
Email: daemuksudpur@gmail.com

[redacted]
পরিচিতি নং-২৮৪৬
উপজেলা কৃষি অফিসার
মুকসুদপুর, গোপালগঞ্জ।